৪৩

দৈনিক সংবাদ

তারিখ ..22 SEP 1998
পৃষ্ঠা 2 কলাম ৩......

# পূর্ণাঙ্গ কম্পিউটার শিক্ষা চালুর জন্য প্রয়োজন সমন্বিত প্রয়াস

## ❑ গোলটেবিল বৈঠকে বক্তাদের অভিমত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

'কিভাবে বছরে ১০ হাজার কম্পিউটার প্রোগ্রামার তৈরি করা যায় এবং এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় ও কোম্পানিগুলোর ভূমিকা' শীর্ষক এক গোলটেবিল বৈঠক সোমবার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয় কম্পিউটার সায়েন্স বিভাগে অনুষ্ঠিত হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স বিভাগ আয়োজিত এ গোলটেবিল বৈঠকে মূল প্রবন্ধ পাঠ করেন বিভাগীয় চেয়ারম্যান ডঃ এম আলমগীর হোসাইন। অন্যান্য বক্তার মধ্যে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ অধ্যাপক এ কে আজাদ চৌধুরী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব এম ফজলুর রহমান, ডঃ জামিলুর রেজা চৌধুরী, ডঃ এ মাঈন পাটোয়ারী, ডঃ এম এ সোবহান, সৈয়দ আহসান হাবিব, আফতাবুল ইসলাম, এ হাসান, এম কায়কোবাদ, ডঃ ফারুক আহমেদ, ডঃ এম লুৎফর রহমান, ডঃ এম এ মোত্তালিব প্রমুখ।

মূল প্রবন্ধে ডঃ এম আলমগীর হোসাইন বিশ্ববিদ্যালয়ের ৪ বছরের কোর্সের মধ্যে কম্পিউটার কোর্স অন্তর্ভুক্ত করার প্রস্তাব করেন; যার নাম হবে মাস্টার্স ইন কম্পিউটার এ্যাপ্লিকেশন। এ কোর্সশেষে ডিপ্লোমা ইন এ্যাপ্লিকেশন নামে আরো একটি কোর্স অন্তর্ভুক্ত করার প্রস্তাব করেন তিনি। তিনি বলেন, সরকার বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও স্থানীয় কম্পিউটার ইন্ডাস্ট্রি সহযোগিতা করলে মূল উদ্দেশ্য সফল করা সম্ভব।

অন্য বক্তারা বিভিন্ন সমস্যা সম্পর্কে আলোচনা করতে গিয়ে দেশে কম্পিউটারের ভালো প্রশিক্ষক ও অবকাঠামোগত সমস্যার কথা উল্লেখ করেন।

তারা আরো উল্লেখ করেন যে, আমাদের দেশে কম্পিউটার প্রশিক্ষণে মান নিয়ন্ত্রণের কোন ব্যবস্থা নেই। তারা জাতীয় পর্যায়ে মান নিয়ন্ত্রণের ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন। প্রয়োজনে পরীক্ষার মাধ্যমে সার্টিফিকেট দেয়ারও প্রস্তাব করেন।